

বাংলাদেশ হাই কমিশন
প্রিটোরিয়া
দক্ষিণ আফ্রিকা



High Commission for the
People's Republic of Bangladesh
410 Farenden Street, Sunnyside
Pretoria 0002
Republic of South Africa

প্রেস বিজ্ঞপ্তি

তারিখ: ১৭ এপ্রিল ২০২৩

প্রিটোরিয়া বাংলাদেশ দূতাবাসে 'ঐতিহাসিক মুজিবনগর দিবস ২০২৩' উদযাপন

বাংলাদেশ দূতাবাস, প্রিটোরিয়া, দক্ষিণ আফ্রিকা যথাযোগ্য মর্যাদায় বাংলাদেশের 'ঐতিহাসিক মুজিবনগর দিবস ২০২৩' উদযাপন করেছে। দিবসের শুরুতে মান্যবর হাইকমিশনার নূর-ই হেলাল সাইফুর রহমান দূতাবাসের কর্মকর্তা-কর্মচারী ও প্রবাসী বাংলাদেশিদের উপস্থিতিতে জাতীয় পতাকা উত্তোলন করেন এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ভাস্কর্যে পুষ্পস্তবক অর্পণ করেন।


পবিত্র কোরআন থেকে তেলাওয়াতের মাধ্যমে 'ঐতিহাসিক মুজিবনগর দিবস ২০২৩'-এর অনুষ্ঠান শুরু হয়। এরপর মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রেরিত বাণী পাঠ, আলোচনা সভা ও প্রামাণ্যচিত্র প্রদর্শন করা হয়।

মান্যবর হাইকমিশনার তাঁর বক্তব্যের শুরুতে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন স্বাধীনতার মহান স্থপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে যাঁর দূরদর্শী নেতৃত্বে বাংলাদেশ একটি সশস্ত্র মুক্তিযুদ্ধের মাধ্যমে স্বাধীনতা লাভ করে। জাতীয় চারনেতা, সপ্তমহারা দুলাফ মা-বোন, ত্রিশ লক্ষ শহিদের পুণ্যস্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদনসহ তাঁদের স্মরণ করে তিনি বলেন, প্রবাসী সরকার গঠনের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে বাংলাদেশ সরকারের যাত্রা শুরু হয়। সরকার গঠনের আগে জনাব তাজউদ্দীন আহমদ ও ব্যারিস্টার আমীর-উল ইসলাম ভারতের প্রধানমন্ত্রী শ্রমতী ইন্দিরা গান্ধীর সাথে বৈঠক করেন, যার মাধ্যমেই মূলত যুদ্ধকালীন দু-দেশের সহযোগিতার পথ প্রশস্ত হয়। দু-দেশের প্রায় ৪০০০কিলোমিটার সীমান্ত বাংলাদেশের জনগণের জন্য খুলে দেওয়া হয়।

তিনি আরও বলেন, বঙ্গবন্ধুকে গ্রেফতারের পূর্বে তিনি বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেন। আনুষ্ঠানিকভাবে লিখিতভাবে মুজিবনগর সরকার কর্তৃক ১৭ এপ্রিল মুক্তিযুদ্ধের ঘোষণাপত্র পাঠ করা হয়।

আলোচনাসভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন দক্ষিণ আফ্রিকা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবদুল আউয়াল তানসেন, যুগ্ম সাধারণ সম্পাদক আবু নাসের হাজারী, দক্ষিণ আফ্রিকা আওয়ামী লীগের বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক সাখাওয়াত হোসেন প্রমুখ।

প্রামাণ্যচিত্র প্রদর্শন শেষে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়।


17 04 2023
(ড. কাজী মোঃ জাকির হোসেন)
প্রথম সচিব